

# হৃদয় জানালা

মানব জীবনের মূল কথাটাই হচ্ছে ভালোবাসা। নানা অভিব্যক্তিতে ভালোবাসার প্রকাশ ঘটে থাকে। নিরন্তর ভালোবাসতে পারাটাই যেনো বেঁচে থাকার সোপান। চাই না বাঁচতে আমি প্রেমহীন হাজার বছর। আপনার অনেক অব্যক্ত কথা হৃদয় জানালার পাতায় লিখুন। খুলে দিন অপরূপ কণ্ঠের দুয়ার। ভালোবাসার মানুষটিকে গভীরভাবে কাছের করে নিন...

## তারে বলে দিও'কে বলছি

২ আগস্ট, বর্ষ ০৫, ১২ সংখ্যার সাপ্তাহিক ২০০০ হৃদয় জানালার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ বিভাগের 'তারে বলে দিও'কে বলছি। প্রথমেই আপনার অভিযোগগুলো সমর্থন করছি কিন্তু সবগুলোই নয়। আপনি পুরুষ সম্বন্ধে যে সমস্ত অভিযোগ করেছেন সেগুলো কি বেশি অতিরিক্ত হয়ে যাচ্ছে না? আপনি আপনার পছন্দের পুরুষ সম্বন্ধে অনেকগুলো গুণের কথা বলেছেন যা

বাস্তবে সম্ভব নয়। আপনার লেখাতেই 'উদার' নামক একটি বিশেষণ আপনি ব্যবহার করেছেন, সেই বিশেষণটিকে ধরে আপনাকেই বলছি— এখনও পুরুষরাই বেশি উদার, অন্তত মহিলাদের তুলনায়। আপনাদের শ্রদ্ধা করেই বলছি, আর এক্ষেত্রে তর্ক না করাই ভালো। আপনাকে ধরেই ছোট্ট উদাহরণ দিচ্ছি। ধরে নেই আপনার পড়ালেখা শেষ কিন্তু পছন্দমারফিক কাজ পাননি, তাই আপনি

বেকার। এক্ষেত্রে একজন পুরুষ আপনাকে অনায়াসেই জীবনসঙ্গী করতে পারে কিংবা করবে। এক্ষেত্রে আপনি বা আপনারা একজন বেকার পুরুষকে জীবনসঙ্গী করতে পারবেন না। সুতরাং কারা উদার আর কারা সংকীর্ণ এ তর্ক না করাই কি মঙ্গলজনক নয়?

অর্বাচীন  
টাটা কম্পিউটার এন্ড ফটোস্ট্যাট,  
সৈয়দপুর-৫৩১০

## সাজাই স্বপ্নের...

পৃথিবীর যে কোনো প্রান্ত থেকেই হোক আমি একজন সুন্দর মনের মানুষ চাই। যার হাত ধরে আমি যোজন যোজন পথ হাঁটতে পারবো। যার সঙ্গে ঘুরে দেখতে পারবো পাহাড়, সমুদ্র, জ্যোৎস্না, কর্মব্যস্ত জীবনের কোনো এক অবসরে অ্যালেক্স হ্যালির 'ফটস' বা মারিয় পুজোর 'গডফাদার' অনুবাদ করে শোনাবে। খুব ভোরে রবীন্দ্র সঙ্গীত কিংবা কবিতা শুনবো। আমি জানি জীবন খুব কষ্টের। কিন্তু আমার কাছে জীবন হলো ফ্রেমে বাঁধানো ছবির মতো। অথবা এমনো হতে পারে— 'যে আমারে দেখিবারে পায়/ অসীম ক্ষমায়/ ভালো মন্দ সকলি মিলায়ে..। সত্যি কথা বলতে কি, যে আমাকে ভালো-মন্দ, হাসি-কান্না, আনন্দ-বেদনায় তার জীবনের সঙ্গে জড়িয়ে নেবে— আমি এমন একজন বর চাই।

মিনা, ৩৪৪/বি, খিলগাঁও, তালতলা, ঢাকা

## বন্ধুত্বের হাত ছানি

বীজের বীজপত্র থেকে জন্ম নেয় যে চারাগাছ, সকাল থেকে দুপুর, দুপুর থেকে বিকেল ক্রমশ রাতের দিকে হামাগুড়ি দেওয়ার মাঝেই সেটা বৃক্ষ হয়ে ওঠে। কিন্তু আমার প্রবল বিশ্বাসে এখন চিড় ধরেছে। নিজের আপন ভুবনটাকে মাঝে মাঝে অচেনা মনে হয়। জলসিঁড়ি নদী, রূপালী শিশির, রূপালী চাঁদ, সবুজ ঘাস, নীল পদ্ম, সবুজ মাঠ... কোনো অপরূপ সৌন্দর্যই এখন আমাকে স্পর্শ করে না। আমার চারপাশে অহর্নিশ মানুষের অনাগোনা। মাঝে মাঝে কোলাহলমুখরিত সময় আর অসম্ভব নীরবতায় ডুবে যাওয়া মুহূর্তগুলোকে যেন মেলাতে পারি না কিছুতেই। থমকে থাকা সময়ের বুক চিড়ে নিজেকে এগিয়ে নেওয়ার চেষ্টা করি। বন্ধুত্ব এমন জিনিস যাকে ধরা যায় না, ছোঁয়া যায় না। শুধু অন্তর দিয়ে উপলব্ধি করা যায়। ইচ্ছে করলে যে কেউ লিখতে পারেন, বন্ধুত্বের অমোঘ টানে বিলাবো সব বিশ্বাস এই প্রত্যশায়...

আবীর, কম্পিউটার বিজ্ঞান (৪র্থ বর্ষ), ১১/৪ হোসেনী দালান রোড, (২য় তলা), চানখারপুল, ঢাকা, Email : akmasraf@yahoo.com

## যদি ইচ্ছে হয়...

'মুন্সীরী' হৃদয় জানালা বিভাগে আপনার লেখাটা পড়লাম। আমিও ঠিক আপনার মতো একজন সঙ্গিনী চাই। যদি আপনার আগ্রহ থাকে। আমারও খুব ইচ্ছে আপনার মতো কাউকে নিয়ে বালুকা বেলায় সাগরের

পাড়ে হাঁটতে, কথা বলতে। কিন্তু সে ইচ্ছেটুকু আপনি চাইলে পূরণ করতে পারবেন। আমার ঠিকানা দিলাম।

মোঃ কাওছার আহমেদ রানা, গোলাপবাগ, সাহেদ মঞ্জিল, শিবগঞ্জ, সিলেট

## আমি যাকে খুঁজি

মা, মাটি, দেশের মায়া ত্যাগ করে আজ নয়টি বছর পড়ে আছি প্রবাস নামক কারাগারে। অর্থের পিছু ছুটতে ছুটতে কখন যে জীবনের সাতাশটি বসন্ত পার হলো টেরই পেলাম না। প্রবাস জীবনের পাঁচ বছর সিঙ্গাপুর ও মালয়েশিয়া কাটলাম। কিন্তু কখনো নিজেকে একা এবং অসহায় মনে হয়নি। সৌদিতে এসেছি আজ চার বছর হতে চললো, বর্তমানে নিজেকে বড্ড একা অসহায় মনে হয়। তাই জীবনের সব চেয়ে কঠিন সিদ্ধান্ত নিতে কয়েক মাস পরেই দেশে আসবো, আমার এই একাকিত্বের অবসান ঘটতে। কিন্তু কিভাবে তাকে খুঁজে নেব? অজানা কারো সঙ্গে জীবনের আঁকাবাঁকা পথগুলো পাড়ি দেবো। তার সঙ্গে কি আমার মনের মিল হবে! বর্তমানে মানুষের সুন্দর চেহারা দেখে তো তার ভেতরটা জানা যায় না। এই সব হাজারো প্রশ্ন মনকে ব্যাকুল করে তোলে।

Mosarof, C/o, Jaffor uddin, Po. Box #  
6477, Makkah City, K.S.A

## নীলিমার জন্য পঙ্কতিমালা

নীলিমা বৃকের পাতায় লেখা  
প্রথম কবিতা তুমি।  
আবেগের সবটা জুড়ে আছো  
হয়ে সবুজ বনভূমি।  
জানে মন আর প্রাণ পাখি  
তোমাকে বৃকের কোথায় রাখি।।  
জেগে থাকা অনেক ফেরারি রাতি  
জানে আমি কোন পথের যাত্রী।  
কার ভাবনায় মগ্ন থাকি।  
জাহিদ আকবর, কাঁকনহাট, রাজশাহী